

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
প্রশাসনিক সংস্কার অধিশাখা
www.cabinet.gov.bd

স্মারক নম্বর: ০৪.০০.০০০০.২২১.১৪.০৪৩.১৪.৭১৫

০৮ পৌষ ১৪২১
তারিখঃ -----
২২ ডিসেম্বর ২০১৪

পরিপত্র

বিষয়: তথ্য অধিকার বাস্তবায়নের বিষয়ে অনুশীলন ও কর্ম-পরিকল্পনা নির্ধারণের জন্য ওয়ার্কিং গ্রুপ পুনর্গঠন।

মন্ত্রিপরিষদ বিভাগে গত ২২ জুন ২০১৪ তারিখে ০৪.২২১.০৮৫.০০.০১.০২৫.২০১০.৬১১ নম্বর স্মারকে গঠিত তথ্য অধিকার বিষয়ক ওয়ার্কিং নিম্নরূপভাবে পুনর্গঠন করা হইল:

- | | |
|---|--------------|
| ১। সচিব (সমন্বয় ও সংস্কার), মন্ত্রিপরিষদ বিভাগ | - আহ্বায়ক |
| ২। অতিরিক্ত সচিব, তথ্য মন্ত্রণালয় | - সদস্য |
| ৩। সচিব, তথ্য কমিশন | - সদস্য |
| ৪। যুগ্মসচিব (সংস্কার), মন্ত্রিপরিষদ বিভাগ | - সদস্য |
| ৫। বিশ্বব্যাপকের প্রতিনিধি | - সদস্য |
| ৬। উপসচিব (প্রশাসনিক সংস্কার), মন্ত্রিপরিষদ বিভাগ | - সদস্য-সচিব |


২। **ওয়ার্কিং গ্রুপ-এর কর্মপরিশি:**

- ক) তথ্য অধিকার বাস্তবায়নের জন্য অগ্রাধিকার নির্ধারণ;
খ) নির্ধারিত অগ্রাধিকার বাস্তবায়নের লক্ষ্যে কর্ম-পরিকল্পনা প্রণয়ন;
গ) তথ্য অধিকার বাস্তবায়নের সঙ্গে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানসমূহের সঙ্গে সমন্বয় সাধন;
ঘ) তথ্য অধিকার ও স্বপ্রণোদিত তথ্য প্রকাশ (proactive disclosure) কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণে প্রয়োজনীয় সুপারিশ প্রণয়ন;

৩। উক্ত ওয়ার্কিং গ্রুপ প্রতি মাসে কমপক্ষে একবার সভায় মিলিত হইবে এবং উপর্যুক্ত কাজের অগ্রগতির প্রতিবেদন সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে অবহিত করিবে; এবং

৪। উক্ত ওয়ার্কিং গ্রুপ প্রয়োজনে সংশ্লিষ্ট বিষয়ে যে কোন বিশেষজ্ঞ কিংবা এই কাজের সহিত সম্পৃক্ত যে কোন প্রতিষ্ঠানের প্রতিনিধিকে সভায় অংশগ্রহণের জন্য আমন্ত্রণ জানাইতে পারিবে।

৫। জনস্বার্থে এই পরিপত্র জারি করা হইল এবং ইহা অবিলম্বে কার্যকর হইবে।


(ড. আবু শাহীন মো: আসাদুজ্জামান)
উপসচিব

ফোন: ৯৫১৩৬০২

ই-মেইল: asad6531@gmail.com

বিতরণ:

- ১। ভারপ্রাপ্ত সচিব (সমন্বয় ও সংস্কার), মন্ত্রিপরিষদ বিভাগ
২। অতিরিক্ত সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ
৩। অতিরিক্ত সচিব, তথ্য মন্ত্রণালয়
৪। সচিব, তথ্য কমিশন, আগারগাঁও, ঢাকা
৫। যুগ্মসচিব (সংস্কার), মন্ত্রিপরিষদ বিভাগ
৬। কান্ট্রি ডাইরেক্টর, বিশ্বব্যাপক, ঢাকা কার্যালয়, আগারগাঁও, ঢাকা
৭। উপসচিব (প্রশাসনিক সংস্কার), মন্ত্রিপরিষদ বিভাগ
৮। মন্ত্রিপরিষদ সচিব মহোদয়ের একান্ত সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ।